



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণসুরমা, সিলেট।

[www.sylhetboard.gov.bd](http://www.sylhetboard.gov.bd), e-mail: [sbcontroller16@gmail.com](mailto:sbcontroller16@gmail.com)

স্মারক নং- সিশি/বো/পনি/উমা/২০২৬/১০২২

তারিখ : ০২/০৬/২০২৬ খ্রি.

বিষয় : ২০২৬ সালের এইচএসসি পরীক্ষা সুষ্ঠু, সুন্দর, নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণের লক্ষ্যে প্রতিটি কেন্দ্রে সিসিটিভি ক্যামেরা স্থাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২০২৬ সালের এইচএসসি পরীক্ষা সুষ্ঠু, সুন্দর, নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণের লক্ষ্যে প্রতিটি পরীক্ষা কেন্দ্রে নিরাপত্তার স্বার্থে সিসিটিভি ক্যামেরা স্থাপন করতে হবে। সিসিটিভিতে ধারণকৃত সকল রেকর্ড সংরক্ষণপূর্বক প্রতি ০৭ (সাত) দিন পর পর সিলেট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর ([sbcontroller16@gmail.com](mailto:sbcontroller16@gmail.com)) উল্লিখিত ই-মেইলে প্রেরণ করতে হবে।

২। যে সকল পরীক্ষা কেন্দ্রে সিসি ক্যামেরা নাই সে সকল কেন্দ্রে আগামী ১৫/০৬/২০২৬ তারিখের মধ্যে সিসি ক্যামেরা স্থাপন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০২.০৬.২০২৬

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।

ভারপ্রাপ্ত কর্মকর্তা

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষার সকল কেন্দ্র - ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। যুগ্মসচিব (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ জেলা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৭। জেলা শিক্ষা অফিসার, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ জেলা।
- ৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৯। সংরক্ষণ নথি।